

স্নাতকোত্তর পরীক্ষা ২০১৭

বাংলা

সেমেস্টার : ৪ : কোর্স : ১

বিশেষ পত্র : লোকসংস্কৃতি ও লোকসাহিত্য

সময় : ৩ ঘণ্টা

পূর্ণমান : ৪০

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

১০ সংখ্যক প্রশ্নের উত্তর আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দাও

একক - ১

- ১। লোকসংস্কৃতির সংজ্ঞা ও স্বরূপ উল্লেখ করে লোকসংস্কৃতিকে আন্তর্বিদ্যামূলক শৃঙ্খলা বলা হয় কেন- তা আলোচনা করো। ২+২+৬=১০
- ২। লোকসংস্কৃতিবিজ্ঞান বলতে কী বোঝ ? লোকসংস্কৃতিবিজ্ঞানের বৈশিষ্ট্য ও বিষয়পরিধি সম্পর্কে সংক্ষেপে আলোকপাত করো। ২+২+৬=১০
- ৩। বাংলা লোকসংস্কৃতি চর্চার ক্ষেত্রে 'লোকসাহিত্য' গ্রন্থের গুরুত্ব আলোচনা করো। ১০

একক - ২

- ৪। 'আদিবাসী' বা 'জনজাতি' সম্পর্কে ধারণাটি স্পষ্ট করো। এ বিষয়ে জেনোভা ঘোষণাপত্রের গুরুত্ব সম্পর্কে আলোকপাত করো। ৪+৬=১০
- ৫। সাঁওতাল জনজাতির নৃতাত্ত্বিক ও সাংস্কৃতিক বৈশিষ্ট্যসমূহের পরিচয় দাও। ১০
- ৬। ফ্রেডকে অনুসরণ করে 'টোটেমিজম'-এর সংজ্ঞা দাও। 'টোটেম' ও 'ট্যাবু'-র ধারণাগত পরিচয় দাও। 'মান্যা' (Manna) বলতে কী বোঝ উদাহরণসহ আলোচনা করো। ২+২+৬=১০

একক - ৩

- ৭। লোকসংস্কৃতির আলোচনায় বিবর্তনবাদ ও পরিব্যাপ্তিবাদ —এই দুইয়ের পদ্ধতিগত বৈশিষ্ট্যগুলির পরিচয় দাও। ১০
- ৮। লোকসংস্কৃতির আলোচনায় মার্কসবাদী নন্দনতত্ত্বের ভূমিকা বিষয়ে একটি নিবন্ধ রচনা করো। ১০
- ৯। সমগ্র ক্ষেত্রসমীক্ষা (Field-work)-কে কয়টি পর্বে ভাগ করা হয় ও কী কী ? যে-কোনো একটি পর্ব সম্পর্কে বিস্তৃত আলোচনা করো। ২+৮=১০

১০। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও :

৫×২=১০

- (ক) 'ফোকলোর' শব্দের বাংলা পরিভাষা হিসেবে 'লোকচর্যা' ও 'লোকশ্রুতি' যাঁরা ব্যবহার করেন, তাঁদের নাম লেখো।
- (খ) লোকসাহিত্যের দুটি বৈশিষ্ট্য উল্লেখ করো।
- (গ) কালচার শব্দের প্রতিশব্দ হিসেবে 'সংস্কৃতি' শব্দটি বাংলায় কে প্রথম ব্যবহার করতে চান ? কে তাঁকে সমর্থন করেন ?
- (ঘ) আদিবাসী অভিবাস সম্পর্কে হটনের মতবাদকে সমর্থন করেছিলেন কোন বাঙালি নৃতাত্ত্বিক ? তাঁর মতবাদকে খণ্ডন করেন যে অপর এক বাঙালি নৃতাত্ত্বিক, তাঁর নাম কী ?
- (ঙ) 'মেয়েলি ব্রত' ও 'হারামণি' গ্রন্থের ভূমিকা লিখে দিয়েছিলেন রবীন্দ্রনাথ— গ্রন্থ দুটির লেখকের নাম লেখো।
- (চ) 'ফোকলোর' শব্দটি কে কোথায় প্রথম ব্যবহার করেন ?